

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। পুণ্য মুক্তি ভোগ অভিলাষ, ছাড়রে কামিনীর কু-রস,  
অতি সরস নাম সুধা রস, সদায় কর আস্বাদন।
- ৫। মহানন্দ উচ্চৈশ্বরে, ডেকে বলে অশ্বিনীরে,  
এমন প্রেম ভক্তি রস নিলি নারে, ভবে আলি অকারণ।

### ৭৯ নং তাল-গড়খেমটা

যদি শান্তিধামে যাবি, নিঃস্বার্থ গুরুত্ব পরমার্থ অর্থ পাবি।  
প্রবৃত্তি মহিষী তারে, নিৰ্বাসন করিবি-  
নিবৃত্তি মহিষীর সঙ্গে, পরম রঙ্গে কাল কাটাবি ॥

- ১। নিত্য ধন বল যারে, রয়েছে শান্তিপুরে,  
শান্তিমার স্নেহগারে, গেলে দেখা পাবি।  
সে যে শান্তিমায়ের সাধনের ধন, প্রাণ সঁপে তায় দিবি,  
এক মন দিলে সে ধন মিলে, গেলে দেখা পাবি।
- ২। সুজন মন উজান বেয়ে, শান্তিপুরে চলে ধেয়ে,  
ত্রিবেণী এড়াইয়ে প্রেমের জোয়ার পাবি।  
শ্রদ্ধা-পাল, অনুরাগ মাস্তুল, বাদাম টেনে দিবি,  
যুতের হালির কাঁটা ঠিক রাখিয়া, শান্তিপুরে নাও লাগাবি ॥
- ৩। মাধুর্য্য ভক্ত যে জন, শান্তিপুরের মহাজন,  
বিলাসেছ অমূল্য ধন, আয় তোরা কে নিবি।  
পবিত্রময় দেহ হ'লে, সেই সে প্রাপ্ত হবি,  
অপবিত্র দেহ হ'লে, সঞ্চিত ধনে বঞ্চিত হবি ॥
- ৪। শান্তিপুরে ভাবের পাগল, প্রেমরসে হয়ে বিভোল,  
করতেছে প্রেমের কল্লোল, দেখলে পাগল হবি।  
হরি বলে বাছ তুলে, সেই দলে মিশিবি,  
সেই পাগলের সঙ্গ নিলে, তাপিত অঙ্গ জুড়াইবি ॥